

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.ssd.gov.bd



স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৯৯.০০১.১৭.১১১

তারিখ: ১৫ আশ্বিন ১৪২৭

৩০ সেপ্টেম্বর ২০২০

বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণের ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর, ২০২০) প্রতিবেদন।
সূত্র: সুরক্ষা সেবা বিভাগের ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা এর কার্যক্রম চ.১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিশ্রেফিতে জানানো যাচ্ছে যে, সুরক্ষা সেবা বিভাগের গতিত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কমিটি কর্তৃক ৩০ সেপ্টেম্বর ২০২০ তারিখে এ বিভাগের ০৫টি সেবার কার্যক্রম দৈবচয়ন পদ্ধতিতে পরিবীক্ষণ করা হয়েছে। পরিবীক্ষণ প্রতিবেদনটি মহোদয়ের সদয় অবগতির জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

৩০-৯-২০২০

মোহাম্মদ আব্দুল্লাহ আল মামুন
উপসচিব

সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ

দৃষ্টি আকর্ষণঃ সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৯৯.০০১.১৭.১১১/১(৬)

তারিখ: ১৫ আশ্বিন ১৪২৭

৩০ সেপ্টেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
- ২) যুগ্মসচিব, অগ্নি অনুবিভাগ ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ
- ৩) উপসচিব, অগ্নি-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ৪) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ
- ৫) প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ
- ৬) অতিরিক্ত সচিব (কারা অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ

৩০-৯-২০২০

মোহাম্মদ আব্দুল্লাহ আল মামুন
উপসচিব

সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণের ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর, ২০২০) প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয়ে সুরক্ষা সেবা বিভাগের গঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কমিটি কর্তৃক গত ৩০ সেপ্টেম্বর ২০২০ তারিখে ০৫টি সেবার কার্যক্রম দৈবচয়ন পদ্ধতিতে পরিবীক্ষণ করা হয় যা নিম্নরূপ:

নাগরিক সেবা:

ক্র. নং	সেবার নাম	মতামত
১	বাংলাদেশ নাগরিকত্ব পরিত্যাগ	৭৭ জন আবেদনকারীকে বিভিন্ন দেশে নাগরিকত্ব গ্রহণের নিমিত্ত বাংলাদেশের নাগরিকত্ব পরিত্যাগের অনুমতি প্রদান করা হয়েছে। ০৬টি আবেদন প্রক্রিয়াধীন আছে।
২	এসিড উৎপাদনের লাইসেন্স প্রদান	নবায়নের জন্য ১৩টি প্রাপ্ত আবেদনের মধ্যে ১১টি লাইসেন্স নবায়ন করা হয়েছে। ০২টি আবেদনের সাথে দাখিলকৃত কাগজপত্র সঠিক না থাকায় পুনরায় তা প্রদানের জন্য সংশ্লিষ্টদেরকে অনুরোধ করা হয়েছে।

দাপ্তরিক সেবা:

ক্র. নং	সেবার নাম	মতামত
১	পদোন্নতি প্রদান	০৯.০৯.২০২০ তারিখে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ১৯ জন সিনিয়র স্টেশন অফিসারকে (১১তম গ্রেড) উপসহকারী পরিচালক (১০ম গ্রেড) পদে পদোন্নতি প্রদান করা হয়েছে। ১৬.০৭.২০২০ তারিখে ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের অ্যাসিস্ট্যান্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ারকে (৯ম গ্রেড) মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (৬ষ্ঠ গ্রেড) পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।

অভ্যন্তরীণ সেবা

ক্র. নং	সেবার নাম	মতামত
১	অর্জিত ছুটি (দেশের অভ্যন্তরে)	কোন আবেদন পাওয়া যায়নি বিধায় কোন কার্যক্রম গ্রহণ করা যায়নি।
২	চাকুরি স্থায়ীকরণ	০৭ জন অফিস সহায়ককে ১০.০৯.২০২০ তারিখে তাদের যোগদানের তারিখ ০৩.০৯.২০১৮ হতে চাকুরি স্থায়ীকরণের অফিস আদেশ জারি করা হয়েছে।

উল্লিখিত সেবা প্রদান প্রতিশ্রুতির (সিটিজেনস্ চার্টার) বাস্তবায়ন কার্যক্রম সঠিকভাবে চলমান রয়েছে মর্মে প্রতীয়মান হয়।

৩০-৯-২০২০ ১১:৪৪:৩০
মোহাম্মদ আব্দুল্লাহ আল মামুন
উপসচিব, মাদক-১ শাখা
সুরক্ষা সেবা বিভাগ